# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ২৮ সেপ্টেম্বর, ২০০৪ |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | **কর্ণেল সালাহ্উদ্দিন আহমেদ**<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড<br>ও<br>স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন -- সদস্য
অধিনায়ক
বিএনএস হাজী মহসিন, ঢাকা সেনানিবাস

(২) ফ্লাইট লেঃ মিজানুর রহমান -- সদস্য
প্রতিনিধি
বিমান বাহিনী ঘাঁটি বাশার
ঢাকা সেনানিবাস।

(৩) লেঃ কর্ণেল মোঃ আহসানুল হক মিয়া -- সদস্য
সিএমইএস (আর্মি)
ঢাকা সেনানিবাস।

(৪) মেজর আব্দুর রশিদ আকন্দ -- সদস্য
প্রতিনিধি
এস ই এম ও
সম্মিলিত সামরিক হাসপাতাল
ঢাকা সেনানিবাস।

(৫) জনাব মোঃ জিয়াউদ্দিন -- সদস্য
বিজ্ঞ ১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে এবং সভার কার্যক্রমে সম্মানিত সদস্যবৃন্দের সহযোগিতা কামনা করে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

প্রস্তাব নং-১ ঃ গত ৩০ আগস্ট, ২০০৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ গত ৩০ আগস্ট, ২০০৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ করা হলো।

প্রস্তাব নং-২ ঃ আগস্ট, ২০০৪ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ আগস্ট, ২০০৪ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

চলমান পাতা-২

প্রস্তাব নং-৩ ঃ ডিওএইচএস এলাকায় মশক নিধনের জন্য ঔষধ ও জ্বালানী ক্রয়ের জন্য স্টেশন হেলথ অর্গানাইজেশন, ঢাকা সেনানিবাসকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে ঢাকা সেনানিবাস এলাকায় মশক নিধনকল্পে ঔষধ ও জ্বালানী ক্রয়ের জন্য স্টেশন হেলথ অর্গানাইজেশন, ঢাকা সেনানিবাসকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা প্রদানের বিষয়টি বিবেচনান্তে অনুমোদন করা হলো। ডিওএইচএস এলাকাসমূহ এবং সেনানিবাসের বিভিন্ন এলাকায় ব্যাপক মশক নিধন কার্যক্রম পরিচালনা নিশ্চিত করার জন্য স্টেশন হেলথ অর্গানাইজেশন, ঢাকা সেনানিবাসকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-৪ ঃ বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের শিক্ষক/শিক্ষিকাদের নিকট হতে অডিট আপত্তিকৃত উৎসব ভাতার টাকা আদায়ের বিষয়ে বিআই স্কুলের অধ্যক্ষ এর ২০ জুলাই, ২০০৪ তারিখের বিআইএস/৫৭ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল, ঢাকা সেনানিবাসে বর্তমানে সংশ্লিষ্ট যে সকল শিক্ষক/শিক্ষিকা কর্মরত আছেন তাদের নিকট হতে অডিট আপত্তিকৃত টাকা আদায় করে ক্যান্টনমেন্ট বোর্ড ফান্ডে জমা করার জন্য উল্লিখিত স্কুলের অধ্যক্ষ-কে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হলো। সংশ্লিষ্ট যে সকল শিক্ষক/শিক্ষিকা বর্তমানে উক্ত স্কুলে কর্মরত নেই তাদের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-৫ ঃ আগস্ট, ২০০৪ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ আগস্ট, ২০০৪ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো। তবে রজনীগন্ধা সুপার মার্কেটে জরুরী ভিত্তিতে নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

(ক) মাংসের দোকানে ভুরি বিক্রি করা সম্পূর্ণ নিষিদ্ধ
(খ) মাংসের দোকানের সামনে টক দধি বিক্রি করা বন্ধ করতে হবে
(গ) মাছ বাজারের মধ্যে শুটকী মাছ বিক্রি করা বন্ধ করতে হবে
(ঘ) মাছ বাজারের পার্শ্বে সেলুনটি বন্ধ করতে হবে।

বিষয়গুলোর উপর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে এর অগ্রগতি প্রতিবেদন পরবর্তী বোর্ডসভায় পেশ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-৬ ঃ ক্যান্টনমেন্ট বোর্ড স্কুলের ছাত্রদের পোষাকের ক্ষেত্রে প্যান্ট এর খাকী রং পরিবর্তন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ ব্যাপারে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১২ সেপ্টেম্বর, ২০০৪ তারিখের ১৬/এমএলএন্ডসি/ইডিএন/৫/শা-৭/৭৫ নং পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় আলোচনা করা হলো। ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত স্কুলসমূহের ছাত্রদের ক্ষেত্রে প্যান্ট এর খাকী রং পরিবর্তনের আপাততঃ কোন প্রয়োজন আছে বলে বোর্ড মনে করে না।

চলমান পাতা-৩

প্রস্তাব নং-৭ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৪৩/এ নং প্লটে নির্মিত এন-৪ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে গ্রুপ ক্যাপ্টেন নজরুল করিম (অবঃ), পিতা- মৃত এম এ করিম এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। অত্র দপ্তরের ২০ আগস্ট, ২০০৩ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৪৩/এ/এন/৪/৬ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ফ্ল্যাটটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তাঁর ০৯ সেপ্টেম্বর, ২০০৪ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৩/এ নং প্লটে নির্মিত এন-৪ নং ফ্ল্যাটটির রেজিস্ট্রি দলিল সম্পাদন করায় বর্তমান ক্রেতা গ্রুপ ক্যাপ্টেন নজরুল করিম (অবঃ), পিতা- মৃত এম এ করিম এর নামে নামজারী/রেকর্ড পরিবর্তনের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৮ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৪৩/এ নং প্লটে নির্মিত এস-১ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে মিসেস তামান্না জমশেদ, স্বামী- মেজর জমশেদ হাসান, পিএসসি (অবঃ) এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। অত্র দপ্তরের ৩০ মার্চ, ২০০৩ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৪৩/এ/২১১ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ফ্ল্যাটটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তাঁর ১১ সেপ্টেম্বর, ২০০৪ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৩/এ নং প্লটে নির্মিত এস-১ নং ফ্ল্যাটটির রেজিস্ট্রি দলিল সম্পাদন করায় বর্তমান ক্রেতা মিসেস তামান্না জমশেদ, স্বামী- মেজর জমশেদ হাসান, পিএসসি (অবঃ) এর নামে নামজারী/রেকর্ড পরিবর্তনের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৯ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৪৩/এ নং প্লটে নির্মিত এন-৩ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে মিসেস রমিসা বেগম, স্বামী- মীর আব্দুল ওয়াদুদ এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। অত্র দপ্তরের ৩০ মার্চ, ২০০৩ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৪৩/এ/২০৯ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ফ্ল্যাটটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তাঁর ০৯ সেপ্টেম্বর, ২০০৪ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৩/এ নং প্লটে নির্মিত এন-৩ নং ফ্ল্যাটটির রেজিস্ট্রি দলিল সম্পাদন করায় বর্তমান ক্রেতা মিসেস রমিসা বেগম, স্বামী- মীর আব্দুল ওয়াদুদ এর নামে নামজারী/রেকর্ড পরিবর্তনের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১০ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৪৩/এ নং প্লটে নির্মিত এন-২ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে মিসেস দিলরুবা হাসান, স্বামী- ব্রিগেডিয়ার জেনারেল মাহবুব হাসান (অবঃ) এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। অত্র দপ্তরের ৩০ মার্চ, ২০০৩ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৪৩/এ/২১০ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ফ্ল্যাটটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তাঁর ০৯ সেপ্টেম্বর, ২০০৪ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৩/এ নং প্লটে নির্মিত এন-২ নং ফ্ল্যাটটির রেজিস্ট্রি দলিল সম্পাদন করায় বর্তমান ক্রেতা মিসেস দিলরুবা হাসান, স্বামী- ব্রিগেডিয়ার জেনারেল মাহবুব হাসান (অবঃ) এর নামে নামজারী/রেকর্ড পরিবর্তনের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১১ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৪৩/এ নং প্লটে নির্মিত এস-৪ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে ব্রিগেডিয়ার জেনারেল শাহেদুল আনাম খান (অবঃ), পিতা- মৃত সদরুল আলম খান এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। অত্র দপ্তরের ৩০ মার্চ, ২০০৩ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/ ৪৩/এ/২১২ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ফ্ল্যাটটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তাঁর ০৯ সেপ্টেম্বর, ২০০৪ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৩/এ নং প্লটে নির্মিত এন-২ নং ফ্ল্যাটটির রেজিস্ট্রি দলিল সম্পাদন করায় বর্তমান ক্রেতা ব্রিগেডিয়ার জেনারেল শাহেদুল আনাম খান (অবঃ), পিতা- মৃত সদরুল আলম খান এর নামে নামজারী/রেকর্ড পরিবর্তনের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১২ ঃ মহাখালী ডিওএইচএস এলাকায় ব্রডব্যান্ড ইন্টারনেট সার্ভিস প্রদানের অনুমতি চেয়ে জনাব মুশফিক উস সালেহীন, প্রোঃ- মিডিয়া এন্ড মাল্টি মিডিয়া এবং বারিধারা ডিওএইচএস এলাকায় ব্রডব্যান্ড ইন্টারনেট সার্ভিস প্রদানের অনুমতি চেয়ে জনাব মোস্তাক পারভেজ রাসেল, প্রোঃ- জেনিয়াল ব্রডব্যান্ড ইন্টারনেট আবেদন করেন। এ ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র পাওয়া গিয়েছে। বিষয়টির ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হলো। আলোচনান্তে ডিওএইচএস মহাখালী এসোসিয়েশন এর ২৬ জুন, ২০০২ তারিখের অনুমতি ও বারিধারা ডিওএইচএস এসোসিয়েশন এর ১৬ জানুয়ারি, ২০০৪ তারিখের অনুমতি এবং প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ০২ সেপ্টেম্বর, ২০০৪ তারিখের ১৯০০/৬০/ডিজিএফআই নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান দুটির অনুকূলে ছাড়পত্র প্রদান করায় মিডিয়া এন্ড মাল্টি মিডিয়া এবং জেনিয়াল ব্রডব্যান্ড ইন্টারনেটকে যথাক্রমে ডিওএইচএস মহাখালী ও ডিওএইচএস বারিধারা এলাকায় ইন্টারনেট সার্ভিস প্রদানের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১৩ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ অনুযায়ী | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | সশস্ত্র বাহিনী দিবস-২০০৪ উপলক্ষ্যে ঢাকা সেনানিবাসের বিভিন্ন রাস্তা মেরামত, রংকরণ ও সাইনবোর্ড রংকরণ ও লিখন ঃ- | | |
| | (ক) শিখা অনির্বাণের সামনের গ্রীল, ফুটপাত, ঈদগাহ মাঠের গ্রীল, এমইও অফিসের বাউন্ডারী, কেন্দ্রীয় মসজিদের ওভারহেড ট্যাঙ্ক, ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের বাউন্ডারী ইত্যাদি রংকরণ। | ৯৫,৮৭৪/- টাকা | জনসাধারনের উন্নয়নমূলক খাত হতে |
| | (খ) শহীদ সরণি ও স্বাধীনতা সরণির উভয় পার্শ্বের ফুটপাত, গাছের গোড়া, এয়ার হেড কোয়ার্টারের সামনের পার্ক, এয়ার হাউসের দক্ষিণ পার্শ্বের পার্ক, শাহীন হলের সামনে, আরমাইএস এর সামনে, ওয়ার্কশপের সামনে, কুর্মিটোলা শাহীন কলেজের পার্শ্বের বাসস্ট্যান্ড, ব্রডওয়ে মার্কেট, শহীদ আনোয়ার গার্লস কলেজ এর সামনে ফুটপাতের পার্শ্বে গ্রীল ইত্যাদি রংকরণ। | ২,০০,৮৮০/- টাকা | জনসাধারনের উন্নয়নমূলক খাত হতে |
| | (গ) শহীদ জাহাঙ্গীর গেইটের আইল্যান্ড, শহীদ মঈনুল রোডের আইল্যান্ড, সেনাসদরের সম্মুখস্থ আইল্যান্ড, ট্রাফিক পোস্ট, ডিভাইডার, স্টাফ রোডের পার্ক রংকরণসহ, শহীদ সরণির সকল সাইনবোর্ড (এমপি চেক পোস্টসমূহের সকল সাইনবোর্ডসহ) ইত্যাদি রং করা ও লেখা। | ২,৩৪,৮৪৪/- টাকা | জনসাধারনের উন্নয়নমূলক খাত হতে |
| | (ঘ) শহীদ সরণি, স্বাধীনতা সরণি ও শহীদ মঈনুল রোডের উভয় পার্শ্বের নিরাপত্তা বাতি, বৈদ্যুতিক পোল এবং সিগন্যাল পোল রংকরণ ও নাম্বারকরণ। | ৫৮,৭২১/- টাকা | জনসাধারনের উন্নয়নমূলক খাত হতে |
| | (ঙ) শহীদ সরণি ও স্বাধীনতা সরণিতে সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষে রোড মার্কিং কাজের জন্য বার্জার কোম্পানীর রোড মার্কিং পেইন্ট ও থিনার ক্রয়। | ২,০০,০০০/-টাকা | ২০০৪-২০০৫ আর্থিক সালের উন্নয়নমূলক কাজের জন্য বাজেট বরাদ্দ হতে। |
| | (চ) সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষে শহীদ সরণি ও স্বাধীনতা সরণিতে মেশিনের সাহায্যে রোড মার্কিংকরণের জন্য লেবার চার্জ। | ৮০,০০০/-টাকা | -ঐ- |
| (২) | শহীদ সরণির পূর্ব পার্শ্বে পোস্ট অফিস সংলগ্ন এলাকায় দুটি বিউটি স্পট নির্মাণ। | ৮৩,৪০০/- টাকা | জনসাধারনের উন্নয়নমূলক খাত হতে |
| (৩) | শহীদ সরণির পূর্ব পার্শ্বে এফএনএস মেস এর সম্মুখে ফুটপাত ও ড্রেন নির্মাণ। | ১,৫৭,৬০০/- টাকা | অনুদান। |
| (৪) | ক্যান্টনমেন্ট বোর্ড উচ্চ বিদ্যালয়, মিরপুর এর পিছনের সেমিপাকা জরাজীর্ন বিল্ডিংটি মিরপুর ডিওএইচএস এর মেইন রোডে অবস্থিত হওয়ায় তা ভেঙ্গে সম্মুখের দুটি ব্লকের বরাবর দুটি সেমি পাকা শ্রেণীকক্ষ নির্মাণ। | ৪,০৮,০০০/- টাকা | অনুদান। |
| (৫) | মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পের প্রথম ধাপের দক্ষিণ পার্শ্বস্থ প্রবেশ রাস্তার উত্তর-পূর্বাংশের পুকুর পাড়ে প্যালাসাইডিংকরণ। | ৩,৬৯,১০০/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন ফান্ড হতে। |
| (৬) | মহাখালী ডিওএইচএস এলাকার বন্যাকবলিত নিম্নলিখিত রোডের উচ্চতাবৃদ্ধিকরণসহ কার্পেটিংকরণঃ- | | |
| | (ক) মহাখালী ডিওএইচএস এর রোড নং-৩৩, ৩৪ ও ৩৫ পর্যন্ত কার্পেটিংকরণ (গ্রুপ-ক)। | ১১,২২,৪৫০/- টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |
| | (খ) মহাখালী ডিওএইচএস এর রোড নং-৩২ কার্পেটিংকরণ (গ্রুপ-খ)। | ১১,৫৭,১৭০/- টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |

চলমান পাতা-৬

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ অনুযায়ী | মন্তব্য |
|---|---|---|---|
| | (গ) মহাখালী ডিওএইচএস এর রোড নং-৩১ কার্পেটিংকরণ (গ্রুপ-গ)। | ১৪,৩৮,৪৭৫/- টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |
| | (ঘ) মহাখালী ডিওএইচএস এর রোড নং-৩০ কার্পেটিংকরণ (গ্রুপ-ঘ)। | ১৩,৮৫,০৬০/- টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |
| | (ঙ) মহাখালী ডিওএইচএস এর রোড নং-২৯ কার্পেটিংকরণ (গ্রুপ-ঙ)। | ১২,২৭,২৮১/- টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |
| | (চ) মহাখালী ডিওএইচএস এর রোড নং-২৮ কার্পেটিংকরণ (গ্রুপ-চ)। | ১০,৫১,৪৮০/- টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |
| | (ছ) মহাখালী ডিওএইচএস এর রোড নং-২৭ হতে ৩৫ এর সংযোগ সড়ক কার্পেটিংকরণ (গ্রুপ-ছ) | ১৩,১৬,৬৫০/- টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |
| | (জ) মহাখালী ডিওএইচএস এর রোড নং-২৭ কার্পেটিংকরণ (গ্রুপ-জ)। | ১০,৪৭,৫৪৪/- টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |
| | (ঝ) মহাখালী ডিওএইচএস এর রোড নং-২৪, ২৫ ও ২৬ কার্পেটিংকরণ (গ্রুপ-ঝ) | ৭,৬৬,৮৬০/- টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |
| | (ঞ) মহাখালী ডিওএইচএস এর লেইন নং-২৩ কার্পেটিংকরণ (গ্রুপ-ঞ)। | ৭,১৩,৩৯৫/- টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |
| | (ট) মহাখালী ডিওএইচএস এর রোড নং-২২ কার্পেটিংকরণ (গ্রুপ-ট)। | ৮,১০,৮৫০/- টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |
| | (ঠ) মহাখালী ডিওএইচএস এর রোড নং-২১ (আংশিক, প্লট নং- বি/১২৯ হতে ৩১৩/এ) কার্পেটিংকরণ (গ্রুপ-ঠ)। | ৮,১৪,৩৬০/- টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |
| | (ড) মহাখালী ডিওএইচএস এর রোড নং- ২৭ হতে ২১ এর সংযোগ সড়ক পর্যন্তকার্পেটিংকরণ (গ্রুপ-ড)। | ৮,৩৯,৬০০/- টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |
| | (ঢ) মহাখালী ডিওএইচএস এর রোড নং-২০ কার্পেটিংকরণ (গ্রুপ-ঢ)। | ৯,৯২,৬৬৫/- টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |
| | (ণ) মহাখালী ডিওএইচএস এর রোড নং-১৯, ১৯/এ, ১৯/বি ও ১৯/সি কার্পেটিংকরণ (গ্রুপ-ণ) | ১৮,৮৯,১০০/- টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |
| | (ত) মহাখালী ডিওএইচএস এর লেক রোড কার্পেটিংকরণ (গ্রুপ-ত)। | ৮,৪৪,৭৫০/- টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |
| | (থ) মহাখালী ডিওএইচএস এর রোড নং-১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭ ও ১৮ কার্পেটিংকরণ (গ্রুপ-থ)। | ১৫,৪৭,৬০০/- টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |
| | (দ) মহাখালী ডিওএইচএস এর রোড নং-২০ এবং ২১ এর সংযোগ সড়ক কার্পেটিংকরণ (গ্রুপ-দ)। | ২,২৯,৬০০/- টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |
| | (ধ) মহাখালী ডিওএইচএস এলাকার মেইন রোড (রাওয়া ক্লাব এর সম্মুখ হতে পার্ক রোড হয়ে ইস্টার্ন রোডের উত্তর মাথার সংযোগ সড়ক পর্যন্ত) এ্যাসফাল্ট প্লান্টের সাহায্যে কার্পেটিংকরণ (গ্রুপ-ধ)। | ৬১,৯৭,০০০/- টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |
| | (ন) মহাখালী ডিওএইচএস এলাকার বিভিন্ন রোডের আরসিসি পাইপ ড্রেন ও ব্রিক স্যুয়ারেজ পরিস্কারকরণ (গ্রুপ-ধ)। | ২,০০,০০০/- টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |
| (৭) | বারিধারা ডিওএইচএস এলাকার বন্যাকবলিত নিম্নলিখিত রোডের উচচতাবৃদ্ধিকরণসহ কার্পেটিংকরণঃ- | | |
| | (ক) বারিধারা ডিওএইচএস এর প্রধান সড়ক (স্কলার ইনষ্টিটিউশন হতে দক্ষিণ দিকে ১৩ নং লেন পর্যন্ত বন্যায় ক্ষতিগ্রস্থ হওয়া রাস্তা) এসফাল্ট প্ল্যান্টের সাহায্যে কার্পেটিংকরণ (গ্রুপ-ক)। | ৭৬,১০,৯০২/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন ফান্ড হতে। |

চলমান পাতা-৭

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ অনুযায়ী | মন্তব্য |
|---|---|---|---|
| (খ) | বারিধারা ডিওএইচএস এর প্রধান সড়ক (১৩ নং লেন হতে দক্ষিণ দিকে সংযোগ সড়ক পর্যন্ত বন্যায় ক্ষতিগ্রস্থ হওয়া রাস্তা) এসফাল্ট প্ল্যান্টের সাহায্যে কার্পেটিংকরণ (গ্রুপ-খ)। | ৩০,০২,৭৬৬/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন ফান্ড হতে। |
| (গ) | বারিধারা ডিওএইচএস এর লেন নং-১ কার্পেটিংকরণ (গ্রুপ-গ)। | ১৬,৬৯,৭০০/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন ফান্ড হতে। |
| (ঘ) | বারিধারা ডিওএইচএস এর লেন নং-২ কার্পেটিংকরণ (গ্রুপ-ঘ)। | ১২,৭৮,৩০০/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন ফান্ড হতে। |
| (ঙ) | বারিধারা ডিওএইচএস এর লেন নং-৩ কার্পেটিংকরণ (গ্রুপ-ঙ)। | ১১,৬৪,৪৭০/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন ফান্ড হতে। |
| (চ) | বারিধারা ডিওএইচএস এর লেন নং-৪ কার্পেটিংকরণ (গ্রুপ-চ)। | ১১,৪৭,২৩২/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন ফান্ড হতে। |
| (ছ) | বারিধারা ডিওএইচএস এর লেন নং-৫ কার্পেটিংকরণ (গ্রুপ-ছ)। | ১৬,৪৬,৬৭০/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন ফান্ড হতে। |
| (জ) | বারিধারা ডিওএইচএস এর লেন নং-৬ কার্পেটিংকরণ (গ্রুপ-জ)। | ১৫,১৫,৮৭০/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন ফান্ড হতে। |
| (ঝ) | বারিধারা ডিওএইচএস এর লেন নং-৭ (মেইন রোডের পশ্চিম পার্শ্বে প্লট নং- ৪১৮ হতে ৪০৮/১০ পর্যন্ত পূর্ব পার্শ্বে ৪২০ পর্যন্ত) কার্পেটিংকরণ (গ্রুপ-ঝ)। | ১০,১৪,৫২৪/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন ফান্ড হতে। |
| (ঞ) | বারিধারা ডিওএইচএস এর লেন নং-৮ (মেইন রোডের পশ্চিম পার্শ্বে প্লট নং- ৪৫৬ হতে ৪৫০/৯ পর্যন্ত পূর্ব পার্শ্বে ৪৫৮ পর্যন্ত) কার্পেটিংকরণ (গ্রুপ-ঞ)। | ৮,৬৬,৯২৮/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন ফান্ড হতে। |
| (ট) | বারিধারা ডিওএইচএস এর লেন নং-৯ (মেইন রোডের পশ্চিম পার্শ্বে প্লট নং- ৪৯৬ হতে ৪৯২/৬ পর্যন্ত পূর্ব পার্শ্বে ৪৯৮ পর্যন্ত এবং লেন নং-২ ও ৩ এর মেইন রোড থেকে পূর্ব পার্শ্বে প্লট নং- ১৯৬ ও ২৪৪ পর্যন্ত এবং পশ্চিম পার্শ্বে ১৯৪ ও ২৪২ পর্যন্ত) কার্পেটিংকরণ (গ্রুপ-ট)। | ৯,৫০,৯৩৬/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন ফান্ড হতে। |
| (ঠ) | বারিধারা ডিওএইচএস এর লেন নং-১০ (মেইন রোডের পশ্চিম পার্শ্বে প্লট নং- ৫২০ হতে ৫১৬/৫ পর্যন্ত পূর্ব পার্শ্বে ৫২২ পর্যন্ত, লেন নং-৪ ও ৫ এর মেইন রোড থেকে পূর্ব পার্শ্বে প্লট নং- ২৯০ ও ৩৩৬ পর্যন্ত এবং পশ্চিম পার্শ্বে ২৮৮ ও ৩৩৪ পর্যন্ত) কার্পেটিংকরণ (গ্রুপ-ঠ)। | ৯,৩০,৭৪০/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন ফান্ড হতে। |
| (ড) | বারিধারা ডিওএইচএস এর লেন নং-১১ (মেইন রোডের পশ্চিম পার্শ্বে প্লট নং- ৫৩১ হতে ৫৩১/৭ পর্যন্ত পূর্ব পার্শ্বে ৫৩৩ পর্যন্ত, লেন নং-১ এর মেইন রোড থেকে পূর্ব পার্শ্বে প্লট নং- ১৪২ এবং পশ্চিম পার্শ্বে ১৩৬পর্যন্ত) কার্পেটিংকরণ (গ্রুপ-ড)। | ৮,৯৭,৩৪৯/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন ফান্ড হতে। |
| (ঢ) | বারিধারা ডিওএইচএস এর লেন নং-১২ (মেইন রোডের পশ্চিম পার্শ্বে প্লট নং- ৫৪০/১ হতে ৫৪০/৭ পর্যন্ত পূর্ব পার্শ্বে ৫৪০ হতে ৫৪৪/এ পর্যন্ত লেন নং-৬ এর মেইন রোড থেকে পূর্ব পার্শ্বে প্লট নং- ৩৭৮ এবং পশ্চিম পার্শ্বে ৩৭৬ পর্যন্ত) কার্পেটিংকরণ (গ্রুপ-ঢ)। | ৮,৬৪,২০২/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন ফান্ড হতে। |
| (ণ) | বারিধারা ডিওএইচএস এর ইস্টার্ন রোড কার্পেটিংকরণ (গ্রুপ-ণ)। | ৯,৭০,৫২০/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন ফান্ড হতে। |
| (ত) | বারিধারা ডিওএইচএস এলাকার সংযোগ সড়ক (প্লট নং- ৩৯৫ হতে ৫১৫, ৪৮৫ হতে ৪৮৫/বি এবং ৪৮৯ হতে ৪৯১/এ) কার্পেটিংকরণ(গ্রুপ-ত)। | ৮,২৫,০০০/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন ফান্ড হতে। |
| (থ) | বারিধারা ডিওএইচএস এলাকার বিভিন্ন রোডের আর সি সি পাইপ ড্রেন পরিস্কারকরণ। | ২,০৬,৩০০/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন ফান্ড হতে। |

চলমান পাতা-৮

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ অনুযায়ী | মন্তব্য |
|---|---|---|---|
| (৮) | বনানী ডিওএইচএস এলাকার বন্যাকবলিত নিম্নলিখিত রোডের উচ্চতাবৃদ্ধিকরণসহ কার্পেটিংকরণঃ- | | |
| | (ক) বনানী ডিওএইচএস এলাকার রোড নং-৬/এ, ৬/বি এবং ৬/সি কার্পেটিংকরণ (গ্রুপ-ক)। | ৭,৭৫,০০০/- টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |
| | (খ) বনানী ডিওএইচএস এলাকার রোড নং-৫ কার্পেটিংকরণ (গ্রুপ-খ)। | ৪,১৬,১২৫/- টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |
| | (গ) বনানী ডিওএইচএস এলাকার রোড নং-৪ কার্পেটিংকরণ (গ্রুপ-গ)। | ৪,১৬,১২৫/- টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |
| | (ঘ) বনানী ডিওএইচএস এলাকার রোড নং-৩ কার্পেটিংকরণ (গ্রুপ-ঘ)। | ৪,১৬,১২৫/- টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |
| | (ঙ) বনানী ডিওএইচএস এলাকার ওয়েস্টার্ন রোড কার্পেটিংকরণ (গ্রুপ-ঙ)। | ১১,০৭,১৪৫/- টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |
| | (চ) বনানী ডিওএইচএস এলাকার ইস্টার্ন রোড (প্লট নং ৮১ হতে ৯২ পর্যন্ত)কার্পেটিংকরণ (গ্রুপ-চ)। | ৩,৫২,৮১২/- টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |
| (৯) | বনানী ডিওএইচএস এলাকার রোড নং-৬ এবং ইস্টার্ন রোডের প্লট নং-৮১ হতে ৯২/এ পর্যন্ত পাকা ড্রেন নির্মাণ। | ৬.৩৫.৪৬০/- টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |
| (১০) | কচুক্ষেত পুরান বাজার এলাকায় সিবি-১৯১ হতে ১৮৬ পর্যন্ত সিমেন্ট কংক্রীট রাস্তা নির্মাণসহ পাকা ড্রেন নির্মাণ। | ২.৯৯.০০০/- টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |
| (১১) | কচুক্ষেত পুরান বাজার এলাকায় সিবি-১৭৫ হতে মিরপুর লিঙ্ক রোড পর্যন্ত সিমেন্ট কংক্রীট রাস্তাসহ ড্রেন নির্মাণ। | ৫.২৩.১০০/- টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |
| (১২) | কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-২৫৯ হতে সিবি-২৬১/১ পর্যন্ত সিমেন্ট কংক্রীট রাস্তাসহ ড্রেন নির্মাণ। | ১,৮২,৮০০/- টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |
| (১৩) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের দক্ষিণ পার্শ্বে ড্রেনের উপর আরসিসি স্ল্যাব নির্মাণ। | ৭৮,৬০০/- টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |

গৃহীত সিদ্ধান্ত ঃ মূল্যানুমানসমূহের উপর বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনাক্রমে প্রস্তাবিত ৫৮টি প্রকল্পের মধ্যে নিম্নলিখিত ১৯(উনিশ)টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদন করা হলো ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ অনুযায়ী | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | শিখা অনির্বাণের সামনের গ্রীল, ফুটপাত, ঈদগাহ মাঠের গ্রীল, এমইও অফিসের বাউন্ডারী, কেন্দ্রীয় মসজিদের ওভারহেড ট্যাঙ্ক, ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের বাউন্ডারী ইত্যাদি রংকরণ। | ৯৫,৮৭৪/- টাকা | জনসাধারনের উন্নয়নমূলক খাত হতে |
| (২) | শহীদ সরণি ও স্বাধীনতা সরণির উভয় পার্শ্বের ফুটপাত, গাছের গোড়া, এয়ার হেড কোয়ার্টারের সামনের পার্ক, এয়ার হাউসের দক্ষিণ পার্শ্বের পার্ক, শাহীন হলের সামনে, আরআইএস এর সামনে, ওয়ার্কশপের সামনে, কুর্মিটোলা শাহীন কলেজের পার্শ্বের বাসস্ট্যান্ড, ব্রডওয়ে মার্কেট, শহীদ আনোয়ার গার্লস কলেজ এর সামনে ফুটপাতের পার্শ্বে গ্রীল ইত্যাদি রংকরণ। | ২.০০.৮৮০/- টাকা | জনসাধারনের উন্নয়নমূলক খাত হতে |
| (৩) | শহীদ জাহাঙ্গীর গেইটের আইল্যান্ড, শহীদ মঈনুল রোডের আইল্যান্ড, সেনাসদরের সম্মুখস্থ আইল্যান্ড, ট্রাফিক পোস্ট, ডিভাইডার, স্টাফ রোডের পার্ক রংকরণসহ, শহীদ সরণির সকল সাইনবোর্ড (এমপি চেক পোস্টসমূহের সকল সাইনবোর্ডসহ) ইত্যাদি রং করা ও লেখা। | ২,৩৪,৮৪৪/- টাকা | জনসাধারনের উন্নয়নমূলক খাত হতে |
| (৪) | শহীদ সরণি, স্বাধীনতা সরণি ও শহীদ মঈনুল রোডের উভয় পার্শ্বের নিরাপত্তা বাতি, বৈদ্যুতিক পোল এবং সিগন্যাল পোল রংকরণ ও নাম্বারকরণ। | ৫৮,৭২১/- টাকা | জনসাধারনের উন্নয়নমূলক খাত হতে |
| (৫) | শহীদ সরণি ও স্বাধীনতা সরণিতে সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষে রোড মার্কিং কাজের জন্য বার্জার কোম্পানীর রোড মার্কিং পেইন্ট ও থিনার ক্রয়। | ২,০০,০০০/-টাকা | ২০০৪-২০০৫ আর্থিক সালের উন্নয়নমূলক কাজের জন্য বাজেট বরাদ্দ হতে। |
| (৬) | সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষে শহীদ সরণি ও স্বাধীনতা সরণিতে মেশিনের সাহায্যে রোড মার্কিংকরণের জন্য লেবার চার্জ। | ৮০,০০০/-টাকা | -ঐ- |
| (৭) | শহীদ সরণির পূর্ব পার্শ্বে পোস্ট অফিস সংলগ্ন এলাকায় একটি বিউটি স্পট নির্মাণ। | ৪৮,৮৬৭/- টাকা | জনসাধারনের উন্নয়নমূলক খাত হতে |
| (৮) | শহীদ সরণির পূর্ব পার্শ্বে এফএনএস মেস এর সম্মুখে ফুটপাত ও ড্রেন নির্মাণ। | ১,৫৭,৬০০/- টাকা | অনুদান। |

চলমান পাতা-৯

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ অনুযায়ী | মন্তব্য |
|---|---|---|---|
| (৯) | ক্যান্টনমেন্ট বোর্ড উচ্চ বিদ্যালয়, মিরপুর এর পিছনের সেমিপাকা জরাজীর্ন বিল্ডিংটি মিরপুর ডিওএইচএস এর মেইন রোডে অবস্থিত হওয়ায় তা ভেঙ্গে সম্মুখের দুটি ব্লকের বরাবর দুটি সেমি পাকা শ্রেণীকক্ষ নির্মাণ। | ৪,০৮,০০০/- টাকা | অনুদান। |
| (১০) | মহাখালী ডিওএইচএস এলাকার বিভিন্ন রোডের আরসিসি পাইপ ড্রেন ও ব্রিক স্যুয়ারেজ পরিস্কারকরণসহ ম্যানহোল মেরামতকরণ। | ২,০০,০০০/- টাকা | ২০০৪-২০০৫ আর্থিক সালের উন্নয়নমূলক কাজের জন্য বাজেট বরাদ্দ হতে। |
| (১১) | বারিধারা ডিওএইচএস এর প্রধান সড়ক (স্কলার ইনস্টিটিউশন হতে দক্ষিণ দিকে ১৩ নং লেন পর্যন্ত বন্যায় ক্ষতিগ্রস্থ হওয়া রাস্তা) এসফাল্ট প্ল্যান্টের সাহায্যে কার্পেটিংকরণ। | ৭৬,১০,৯০২/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন ফান্ড হতে। |
| (১২) | বারিধারা ডিওএইচএস এর লেন নং-৭ (মেইন রোডের পশ্চিম পার্শ্বে প্লট নং- ৪১৮ হতে ৪০৮/১০ পর্যন্ত পূর্ব পার্শ্বে ৪২০ পর্যন্ত) কার্পেটিংকরণ। | ১০,১৪,৫২৪/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন ফান্ড হতে। |
| (১৩) | বারিধারা ডিওএইচএস এর লেন নং-৮ (মেইন রোডের পশ্চিম পার্শ্বে প্লট নং- ৪৫৬ হতে ৪৫০/৯ পর্যন্ত পূর্ব পার্শ্বে ৪৫৮ পর্যন্ত) কার্পেটিংকরণ। | ৮,৬৬,৯২৮/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন ফান্ড হতে। |
| (১৪) | বারিধারা ডিওএইচএস এর লেন নং-৯ (মেইন রোডের পশ্চিম পার্শ্বে প্লট নং- ৪৯৬ হতে ৪৯২/৬ পর্যন্ত পূর্ব পার্শ্বে ৪৯৮ পর্যন্ত এবং লেন নং- ২ ও ৩ এর মেইন রোড থেকে পূর্ব পার্শ্বে প্লট নং- ১৯৬ ও ২৪৪ পর্যন্ত এবং পশ্চিম পার্শ্বে ১৯৪ ও ২৪২ পর্যন্ত) কার্পেটিংকরণ (গ্রুপ-ট)। | ৯,৫০,৯৩৬/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন ফান্ড হতে। |
| (১৫) | বারিধারা ডিওএইচএস এর লেন নং-১০ (মেইন রোডের পশ্চিম পার্শ্বে প্লট নং- ৫২০ হতে ৫১৬/৫ পর্যন্ত পূর্ব পার্শ্বে ৫২২ পর্যন্ত, লেন নং-৪ ও ৫ এর মেইন রোড থেকে পূর্ব পার্শ্বে প্লট নং- ২৯০ ও ৩৩৬ পর্যন্ত এবং পশ্চিম পার্শ্বে ২৮৮ ও ৩৩৪ পর্যন্ত) কার্পেটিংকরণ (গ্রুপ-ঠ)। | ৯.৩০.৭৪০/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন ফান্ড হতে। |
| (১৬) | বারিধারা ডিওএইচএস এর লেন নং-১১ (মেইন রোডের পশ্চিম পার্শ্বে প্লট নং- ৫৩১ হতে ৫৩১/৭ পর্যন্ত পূর্ব পার্শ্বে ৫৩৩ পর্যন্ত, লেন নং-১ মেইন রোড থেকে পূর্ব পার্শ্বে প্লট নং- ১৪২ এবং পশ্চিম পার্শ্বে ১৩৬পর্যন্ত) কার্পেটিংকরণ (গ্রুপ-ড)। | ৮,৯৭,৩৪৯/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন ফান্ড হতে। |
| (১৭) | বারিধারা ডিওএইচএস এর লেন নং-১২ (মেইন রোডের পশ্চিম পার্শ্বে প্লট নং- ৫৪০/১ হতে ৫৪০/৭ পর্যন্ত পূর্ব পার্শ্বে ৫৪০ হতে ৫৪৪/এ পর্যন্ত লেন নং-৬ এর মেইন রোড থেকে পূর্ব পার্শ্বে প্লট নং- ৩৭৮ এবং পশ্চিম পার্শ্বে ৩৭৬ পর্যন্ত) কার্পেটিংকরণ (গ্রুপ-ঢ)। | ৮,৬৪,২০২/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন ফান্ড হতে। |
| (১৮) | বারিধারা ডিওএইচএস এলাকার বিভিন্ন রোডের আর সি সি পাইপ ড্রেন পরিস্কারকরণসহ ম্যানহোল মেরামতকরণ। | ২,০৬,৩০০/- টাকা | বারিধারা ডিওএইচএস উন্নয়ন ফান্ড হতে। |
| (১৯) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের দক্ষিণ পার্শ্বে ড্রেনের উপর আরসিসি স্ল্যাব নির্মাণ। | ৭৮,৬০০/- টাকা | অনুদান প্রাপ্তি সাপেক্ষে |

আসন্ন সশস্ত্র বাহিনী দিবস-২০০৪ উপলক্ষে ক্রমিক নং-১৩(১) হতে ১৩(৬) এর মূল্যানুমানসমূহ অনুমোদনসহ দরপত্র আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-১৩(৭). হতে ১৩(১৯) পর্যন্ত মূল্যানুমানসমূহ অনুমোদন করা হলো এবং চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক। এছাড়া বনানী, মহাখালী ও বারিধারা ডিওএইচএস এর বিভিন্ন রাস্তাসমূহ মেরামত/কার্পেটিং কাজের মূল্যানুমানসমূহ পর্যবেক্ষণকরে আগামী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১৪ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদনকরণ ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত্ত দর | সিএমইএস (আর্মি)কর্তৃক ভেটিংকৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | মহাখালী ডিওএইচএস এলাকায় রোড নং-১৯/বি এর পশ্চিম মাথায় এবং লেইন নং-৩৪ এর পূর্ব মাথায় ০২টি বৃহদাকার পাকা ডাষ্টবিনের ঢাকনা নির্মাণ। | ৫৯,২৪০/-টাকা | মেসার্স জয়নাল এন্টারপ্রাইজ | ১৯.৯০% উর্ধ্বে | ১৯.৯০% উর্ধ্বে | অনুদান হতে |

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত কাজের সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। বর্তমানে চলমান এম ই এস -এর অনুরূপ কাজের সাথে সামঞ্জস্য রেখে সি এম ই এস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত ১৯.৯০% উর্দ্ধদর অনুমোদন করা হলো।

চলমান পাতা-১০

প্রস্তাব নং-১৫ ঃ বনানী, মহাখালী ও বারিধারা ডিওএইচএস এর যে সকল প্লটের অননুমোদিত নির্মাণ অপসারণ/ক্ষতিপূরণ এর টাকা জমা করে নিয়মিত করে ছাড়পত্র দেয়া হয়েছে তার তালিকা ঘটনোত্তর অনুমোদনের নিমিত্তে সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ নিম্নোক্ত তালিকা অবহিত হওয়াসহ ঘটনোত্তর অনুমোদন করা হলো ঃ-

**বনানী ডিওএইচএসঃ**

| ক্রমিক নং | প্লট নম্বর | প্লটের মালিকের নাম | ছাড়পত্র প্রদানের তারিখ |
|---|---|---|---|
| ১। | ৫০ | মেজর সাইদুর রহমান | ১৬-২-২০০৪ |
| ২। | ৮৯ | মিসেসদৌলতিয়া আলী | ২৪-০১-২০০৪ |
| ৩। | ৯৯/এ | মোঃ শহীদুর রহমান শহীদ | ৩০-৮-২০০৪ |
| ৪। | ১০০/এ | গ্রুপ ক্যাপটেন (অবঃ) ডিএস রাজা | ৩০-১১-২০০৩ |
| ৫। | ১০৯ | মেজর জেনারেল শফিক আহমেদ | ৩-১১-২০০৩ |

**মহাখালী ডিওএইচএসঃ**

| | | | |
|---|---|---|---|
| ১। | ১৩৩ | মিসেস দিলারুবা আহমেদ | ২৫-০৩-২০০৪ |
| ২। | ১৩৭ (৩য় তলা) | জনাব ইফতেকার আজম চৌধুরী | ২৯-০৬-২০০৪ |
| ৩। | ১৬৮ | মিসেস মাহমুদা মেরাজ | ১৫-১০-২০০৩ |
| ৪। | ২০৪ | জনাব এ কে এম নূরুল হক | ১৪-০৭-২০০৪ |
| ৫। | ২৫০ | কমডোর (অবঃ) এম এম রহমান | ০৯-০৬-২০০ |
| ৬। | ৩২৯ | মিসেস বিলকিস রমজান গং | ২৫-৩-২০০৪ |
| ৭। | ৩৭৫ | ব্রিগেঃ জেনারেল (অবঃ) মনিরুজ্জামান, পিএসসি | ০৮-১২-২০০৩ |
| ৮। | ৩৮০ | বেগম সৈয়দা জোহরা বেগম | ০৭-৭-২০০৪ |
| ৯। | ৩৮১ | মিসেস রিজিয়া হক গং | ০১-০৩-২০০৪ |
| ১০। | ৪৬১ | রিয়ার এডমিরাল শাহ ইকবাল মুজতবা, এনডিসি, পিএসসি | ১২-৭-২০৪ |

**বারিধারা ডিওএইচএসঃ**

| | | | |
|---|---|---|---|
| ১। | ১২৪ | ব্রিগেঃ জেনাঃ আব্দুল ওহাব চৌধুরী | ২২-১২-২০০৩ |
| ২। | ১৫৯ | মেজর মোঃ আব্দুল বারেক শিকদার(অবঃ) | ২২-০৫-২০০৪ |
| ৩। | ১৬৩ | কমডোর এস এম নিজাম (অবঃ) | ২৮-০২-২০০৪ |
| ৪। | ১৯৫ | মেজর মোঃ সালেহ রহিম (অবঃ) | ০৮-০৭-২০০৪ |
| ৫। | ২১৫ | মেজর মোঃ নাছির আহমেদ (অবঃ) | ১০-০৭-২০০৪ |
| ৬। | ৩৭১ | গ্রুপ ক্যাপ্টেন নজমুল হক চৌধুরী | ০৪-১১-২০০৪ |
| ৭। | ৩৮১ | মিসেস লৎফুন্নাহার বেগম গং | ১৫-৪-২০০৪ |
| ৮। | ৪০৪ | লেঃ কর্ণেল আনোয়ার হোসেন খান | ০৯-০৫-২০০৪ |
| ৯। | ৪১৪ | স্কোঃ লীঃ মীর এফ রহমান | ৩১-৮-২০০৮ |
| ১০। | ৪৩৬ | মেজর জেনারেল মাসুদুর রহমান (অবঃ) | ৫-০৮-২০০৪ |
| ১১। | ৪৪১ | লেঃ কনেল কীর্তিরঞ্জন চাকমা (অবঃ) | ৯-৯-২০০৪ |
| ১২। | ৪৫০/১ | লেঃ কর্ণেল (অবঃ) মোঃ শফিকউল ইসলাম | ০৭-০৭-২০০৪ |
| ১৩। | ৪৭০ | কর্ণেল মোঃ ওয়ালিউল্লাহ | ০৫-৭-২০০৪ |
| ১৪। | ৪৯০ | জনাব মোঃ তৌহিদ ইসলাম (রতন ) | ২৮-১২-২০০৪ |
| ১৫। | ৫০৪ | কর্ণেল মোঃ আবুল কাশেম | ০১-০৭-২০০৪ |
| ১৬। | ৫১৪ | ডাঃ সেলিনা আহমেদ গং | ২৭-৭-২০০৪ |
| ১৭। | ৫১৬/১ | ক্যাপ্টেন এমএফ কে খান (অবঃ) | ১০-৮-১০০ |

চলমান পাতা-১১

প্রস্তাব নং-১৬ ঃ মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পের ১ম ধাপে ১০২, ১০৩, ১০৪, ১০৯, ১১০ ও ১১১ নং প্লটের পশ্চিম পার্শ্বে মাটি ধ্বসে যাওয়া প্রসংগে সদর দপ্তর ১৪ স্বতন্ত্র ইঞ্জিনিয়ার ব্রিগেড, ঢাকা সেনানিবাসের ১৫ সেপ্টেম্বর, ২০০৪ তারিখের ৭০১/৩/একিউ/মিরপুর নং পত্রটি আলোচনা ও সিদ্ধান্তের নিমিত্তে উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ পত্রটি অবহিত হওয়া গেল। আগামী শুষ্ক মৌসুমে পানি কমলে উল্লেখিত প্লটসমূহের পিছনে রিটেইনিং ওয়াল নির্মাণের জন্য একটি মূল্যানুমান ও নকশা প্রস্তুত করে বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১৭ ঃ বারিধারা ডিওএইচএস এলাকায় পর্যাপ্ত পরিমাণ পানি সরবরাহ না হওয়ায় উক্ত এলাকায় আরেকটি নতুন পানির পাম্প (৩য়) স্থাপনের ব্যাপারে বারিধারা ডিওএইচএস এসোসিয়েশন এর সভাপতির ০৭ সেপ্টেম্বর, ২০০৪ তারিখের ০০৬/এ নং পত্র এবং নির্বাহী প্রকৌশলী, ঢাকা ওয়াসার ১১ সেপ্টেম্বর, ২০০৪ তারিখের ১১৪৫/জোন-৫ নং পত্র আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ পত্রসমূহের উপর সভায় বিস্তারিত আলোচনায় জানা যায় যে, বারিধারা ডিওএইচএস এলাকায় বর্তমানে ২টি পানির পাম্প আছে। উক্ত পাম্প দ্বারা সরবরাহকৃত পানি দিয়ে উক্ত এলাকার পানির চাহিদা মেটানো সম্ভব হচ্ছে না বিধায় ৩য় পাম্প স্থাপনের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। বারিধারা ডিওএইচএস এলাকায় আরেকটি পানির পাম্প স্থাপনের জন্য উক্ত এলাকার দক্ষিণ পার্শ্বে এমইও, সেন্ট্রাল সার্কেল, ঢাকা সেনানিবাসের নিয়ন্ত্রণাধীন 'বি-৪' শ্রেণীভুক্ত জমি 'সি' শ্রেণীতে রূপান্তরের অনুমোদন প্রদান করা হলো এবং এ ব্যাপারে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন।

প্রস্তাব নং-১৮ ঃ গত ৩০ আগস্ট, ২০০৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার প্রস্তাব নং-২২ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রণাধীন সোডিয়াম লাইটের বাল্ব ও আনুষাঙ্গিক ফিটিংস 'সিমেন্স বাংলাদেশ লিমিটেড' হতে ক্রয়ের জন্য গত ২০০৩-২০০৪ আর্থিক ব্যয়িত অর্থের হিসাব সভায় উপস্থাপন করা হলো। পূর্বের ন্যায় ২০০৪-২০০৫ আর্থিক সালের জন্য কোম্পানীর নির্ধারিত দরে (১) সক্ষ ৯০ ওয়াট সোডিয়াম বাতি, প্রতিটি ১৪৫০/-টাকা, (২) ইগনেটর ৯০ ওয়াট সোডিয়াম বাতি, প্রতিটি ৯৫০/-টাকা এবং (৩) ১ এম্পিয়ার ফিউজ, প্রতিটি ১০/-টাকা দরে ক্রয় করার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে কোম্পানী নির্ধারিত দরে 'সিমেন্স বাংলাদেশ লিঃ' হতে নিম্নলিখিত মালামালসমূহ ক্রয়ের অনুমোদন দেয়া হলো ঃ-

| ক্রমিক নং | মালামালের বিবরণ | পরিমাণ/সংখ্যা | প্রতিটির মূল্য | মোট টাকা |
|---|---|---|---|---|
| ১। | ৯০ ওয়াট সোডিয়াম বাল্ব | ১৭০ | ১,৪৫০.০০ | ২,৪৬,৫০০.০০ |
| ২। | ৯০ ওয়াট ইগনেটর | ১৭০ | ৯৫০.০০ | ১,৬১,৫০০.০০ |
| ৩। | ৯০ ওয়াট চোক | ২০ | ১,০০০.০০ | ২০,০০০.০০ |
| | | | মোট = | ৪,২৮,০০০.০০ |

প্রস্তাব নং-১৯ ঃ স্বাধীনতা সরণিস্থ শহীদ আনোয়ার গার্লস কলেজের নিকটবর্তী চৌরাস্তা হতে পূর্ব দিকে সিগন্যাল লাইট পর্যন্ত রাস্তার উত্তর পার্শ্বে ফুটপাত বরাবর বিপদজনক পারাপার বন্ধের জন্য জিআই পাইপের ব্যারিয়ার নির্মাণের ব্যাপারে ৩য় বার পর্যন্ত দরপত্র গ্রহণ করা হয়েছে। কিন্তু মালামালের বাজার দর বৃদ্ধি পাওয়ায় ৪র্থ বারে স্টেশন সদর দপ্তরসহ ক্যান্টনমেন্ট বোর্ডে কোন সিডিউল বিক্রি হয়নি। এ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ উল্লেখিত কাজটি সর্বসম্মতিক্রমে স্থগিত করা হলো।

চলমান পাতা-১২

প্রস্তাব নং-২০ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা, ডি ও এইচ এস ও বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের ০৭(সাত) টি নকশা বিল্ডিং বাই'ল অনুযায়ী সঠিক থাকায় অনুমোদন করা হয়েছে। উক্ত নকশাসমূহ ঘটনোত্তর অনুমোদনের জন্য নিম্নে পেশ করা হলোঃ-

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | জনাব মফিজুর রহমান | ৩৮ | বনানী ডিওএইচএস | |
| ২। | ব্রিগেডিয়ার জেনারেল আনোয়ার হোসেন চৌধুরী | বি/১২১ | মহাখালী ডিওএইচএস | |
| ৩। | কর্ণেল অলি আহমেদ, বিবি (অবঃ) | ১০২ | মহাখালী ডিওএইচএস | |
| ৪। | ব্রিগেডিয়ার জেনারেল ইসমত আহমেদ চৌধুরী | ৫৪১/৫ | বারিধারা ডিওএইচএস | |
| ৫। | স্কোয়াড্রন লীডার মীর এফ রহমান (অবঃ) | ৪১৪ | বারিধারা ডিওএইচএস | |
| ৬। | জনাব ওয়াহিদুজ্জামান ভূঁইয়া | সিবি-১৩৭/২ | কচুক্ষেত বাজার এলাকা | |
| ৭। | সিএসডি মবিল স্টোর | প্লট নং-৮৪ | ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা | |

গৃহীত সিদ্ধান্ত ঃ অবহিত হওয়াসহ ক্রমিক নং-১ হতে ৬ পর্যন্ত ০৬(ছয়)টি নকশা ঘটনোত্তর অনুমোদন করা হলো। ক্রমিক নং-৭ এর সিএসডি মবিল স্টোর এর নকশাটি অনুমোদন করা হলো না। বিষয়টি সিএসডি কর্তৃপক্ষকে অবহিত করা হোক।

প্রস্তাব নং-২১ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত ০৩(তিন) টি কাজের জামানতের টাকা ফেরত দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। জামানত ফেরতযোগ্য কাজের তালিকা উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ জামানত ফেরতযোগ্য প্রকল্প/মেরামত কাজের উপর সভায় আলোচনা হয়। সংশ্লিষ্ট প্রকল্প/মেরামত কাজের গুণগতমান যাচাই-বাছাই করে নিম্নোক্ত ০৩(তিন))টি কাজের জামানত ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্রমিক নং | প্রকল্পের নাম | ঠিকাদারী ফার্মের নাম |
|---|---|---|
| ১। | শহীদ মঈনুল রোডস্থ কাটা তারের বেড়া সরবরাহ ও স্থাপনকরণ | এস আলম এন্টারপ্রাইজ |
| ২। | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের পিছনে কাটা তারের বেড়া মেরামত ও সংস্কারকরণ | এস আলম এন্টারপ্রাইজ |
| ৩। | বারিধারা ডিওএইচএস এলাকায় মসজিদের ইমামের কোয়ার্টার নির্মাণ। | মেসার্স এম আর এন্টারপ্রাইজ |

প্রস্তাব নং-২২ ঃ ঢাকা সেনানিবাসের আবাসিক এলাকায় নিয়মিতভাবে ঘাস কাটার নিমিত্তে ০২(দুই)টি (পেট্রল ইঞ্জিন বিশিষ্ট, জাপানের তৈরী) ঘাস কাটার মেশিন সরবরাহের জন্য দরপত্র আহ্বান করা হলে ১৫ সেপ্টেম্বর, ২০০৪ তারিখে ৩টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স জি এম ট্রেডার্স কর্তৃক প্রদত্ত ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় জানা যায় যে, গত ২০০৩-২০০৪ আর্থিক সালে ০৪(চার)টি পেট্রল চালিত ঘাস কাটার মেশিন ক্রয় করা হয়েছিল। উক্ত ঘাস কাটার মেশিনগুলো অকেজো হয়ে যাওয়ার কারণে সেনানিবাসের আবাসিক এলাকায় ঘাস কাটার ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। তাই জরুরী ভিত্তিতে ০২(দুই)টি ঘাস কাটার মেশিন ক্রয়ের নিমিত্তে দরপত্র আহ্বান করা হয়। প্রাপ্ত দরপত্রের মধ্যে মের্সার্স জি এম ট্রেডার্স কর্তৃক প্রদত্ত ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার সর্বনিম্ন দর অনুমোদন করা হলো। আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম সম্পন্ন করা হোক।

চলমান পাতা-১৩

প্রস্তাব নং-২৩ ঃ সেনাভবনের গ্রীন লনে দেয়ার জন্য ১০(দশ) ট্রাক সিলেট বালু সরবরাহের জন্য দরপত্র আহ্বান করা হলে ১৮ সেপ্টেম্বর, ২০০৪ তারিখে ৩টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স এম আর এন্টারপ্রাইজ কর্তৃক প্রদত্ত ২৬,০০০/- (ছাব্বিশ হাজার) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ২৬,০০০/- (ছাব্বিশ হাজার) টাকার সর্বনিম্ন দর অনুমোদন করা হলো। আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম সম্পন্ন করা হোক।

প্রস্তাব নং-২৪ ঃ ঢাকা সেনানিবাসের স্বাধীনতা সরণির উভয় পার্শ্বে স্থাপনের জন্য ১০০টি প্লাস্টিকের (নমুনা মোতাবেক) টব সরবরাহের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে ১২ সেপ্টেম্বর, ২০০৪ তারিখে ৩টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স রফিক ট্রেডিং করপোরেশন, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রদত্ত ৪৩,০০০/- (তেতাল্লিশ হাজার) টাকার সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ৪৩,০০০/- (তেতাল্লিশ হাজার) টাকার সর্বনিম্ন দর অনুমোদন করা হলো। আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম সম্পন্ন করা হোক।

প্রস্তাব নং-২৫ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ২২ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি ক্রয়ের অনুমতি চেয়ে মিসেস নাসরিন হক, স্বামী- সৈয়দ শহিদুল হক জামাল, এমপি কর্তৃক ২২ সেপ্টেম্বর, ২০০৪ তারিখে অত্র দপ্তরে একখানা আবেদনপত্র পেশ করা হয়। এ ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ০২ সেপ্টেম্বর, ২০০৪ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্রের মাধ্যমে ক্রেতার অনুকূলে ক্রয়/হস্তান্তর এবং নামজারীর বিষয়ে অনাপত্তি ছাড়পত্র পাওয়া গিয়েছে। উপরোক্ত প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি ক্রয়/হস্তান্তরের ব্যাপারে অত্র দপ্তরের রাজস্ব ও প্রকৌশল শাখার সুপারিশ রয়েছে।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনা হয়। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২২ নং প্লটে নির্মিত বাড়ী মিসেস নাসরিন হক, স্বামী- জনাব সৈয়দ শহিদুল হক জামাল, এমপি নামে ক্রয়/হস্তান্তরের বিষয়টি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-২৬ ঃ ঢাকা সেনানিবাসস্থ ৬ নং প্লটের মালিগণ যথাক্রমে (১) জনাব আহসানুল কবির, (২) পারভীন আহমেদ ও (৩) জেরীন আহমেদ, সর্বপিতা- মৃত আসাদ আহমেদ কর্তৃক তাদের ২১ সেপ্টেম্বর, ২০০৪ তারিখের আবেদনে উক্ত ২১৭৮০ বর্গফুট বিশিষ্ট প্লটটির ১/২ অংশ ১০৮৯০ বর্গফুট জনাব আহসানুল কবির, পিতা- মৃত আসাদ আহমেদ এর নামে নামজারীর ব্যাপারে আবেদন করেন। উক্ত আবেদনের সাথে প্লটটির অন্যান্য মালিক যথাক্রমে (১) পারভীন আহমেদ (২) জেরীন আহমেদ উভয়ের পিতা- মৃত আসাদ আহমেদ কর্তৃক তাদের জেষ্ঠ্য ভ্রাতা জনাব আহসানুল কবির এর নামে নামজারীর ব্যাপারে ২১ সেপ্টেম্বর, ২০০৪ তারিখে অনুরোধ করা হয়। প্লটটির অর্ধাংশের নামজারী/জমাভাগ এর ব্যাপারে অত্র দপ্তরের রাজস্ব শাখার সুপারিশসহ নথিটি সভায় উপস্থাপন করা হলো। এ ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনা ও নথি পর্যালোচনায় ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৬ নং প্লটের ১/২ অংশ অর্থাৎ ১০৮৯০ বর্গফুট জনাব আহসানুল কবির, পিতা- মৃত আসাদ আহমেদ এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-১৪

প্রস্তাব নং-২৭ ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১/বি নং প্লটে নির্মিত ৪/বি নং ফ্ল্যাটটি বাড়ীর মালিক জনাব হাসিবুল বাসার এর ০৯ জানুয়ারি, ২০০১ তারিখের আবেদনের প্রেক্ষিতে ক্রেতা জনাব সৈয়দ আক্তার কামাল, পিতা- মরহুম সৈয়দ নাজমুল হুদা, ফ্ল্যাট # ৪/বি, প্লট # ১/বি, রোড # ১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ৮ জুলাই, ২০০৪ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ নামজারীর বিষয়টি আপাততঃ বিবেচনা করা গেল না। ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ১/বি নং প্লটে অনুমোদিত নকশা বহির্ভুতভাবে অতিরিক্ত জমি দখল করে কিভাবে ভবন নির্মাণ করা হয়েছে সে সম্পর্কে একটি বিস্তারিত প্রতিবেদন আগামী বোর্ডসভায় উপস্থাপন করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

২৮ বিবিধ (১) ঃ শহীদ সরণির উভয় পার্শ্বে রোপণের জন্য উন্নত জাতের হাইব্রিড সালভিয়া ফুলের বীজ (৭০ প্যাকেট- প্রতি প্যাকেটে ১,০০০টি) সরবরাহের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে ২৮ আগস্ট, ২০০৪ তারিখে ০৩(তিন) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে কৃষিবিদ উপকরণ নার্সারী, ফার্মগেইট কর্তৃক প্রদত্ত ৪৯,০০০/- (ঊনপঞ্চাশ হাজার) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ৪৯,০০০/- (ঊনপঞ্চাশ হাজার) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

২৮ বিবিধ (২) ঃ ঢাকা সেনানিবাসের বিভিন্ন স্থানে রোপণের নিমিত্তে হাইব্রিড ইনকা (উন্নত জাতের) ফুলের বীজ (১৭ প্যাকেট- প্রতি প্যাকেটে ১,০০০টি) সরবরাহের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে ১৮ সেপ্টেম্বর, ২০০৪ তারিখে ০৩(তিন) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে কৃষিবিদ উপকরণ নার্সারী, ফার্মগেইট কর্তৃক প্রদত্ত ৪৭,৬০০/- (সাতচল্লিশ হাজার ছয়শত) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ৪৯,০০০/- (ঊনপঞ্চাশ হাজার) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

২৮ বিবিধ (৩) ঃ শহীদ সরণিস্থ নতুন এয়ার হেড কোয়ার্টারের উত্তর পার্শ্বে ঝড়ে ভাঙ্গা ০১(এক)টি একাশিয়া ও ০১(এক)টি চাম্বল গাছ (ডালপালাসহ) তাৎক্ষণিকভাবে বিক্রির নিমিত্তে নিলামের দরপত্র আহ্বান করা হলে গত ১৬ সেপ্টেম্বর ২০০৪ তারিখ ০৫(পাঁচ) জন ডাককারী অংশ গ্রহণ করেন। তন্মধ্যে জনাব মোঃ জসিম, ২০৮, ইব্রাহিমপুর, ঢাকা কর্তৃক ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকার সর্বোচ্চ ডাক প্রদান করা হয়। উল্লেখ্য যে, আলোচ্য গাছগুলোর এমআরপি নির্ধারণ করা হয়েছে ৩,১০৪/- (তিন হাজার একশত চার) টাকা। উক্ত সর্বোচ্চ ডাক অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ সর্বোচ্চ নিলাম ডাক ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকা অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

২৮ বিবিধ (৪) ঃ সেনানিবাস কবরস্থান, বনানীতে ঝড়ে ভাঙ্গা ৪টি সাদা কড়াই গাছ গত ১৩ সেপ্টেম্বর, ২০০৪ তারিখে স্পট নিলামে বিক্রির নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে ০৬(ছয়) জন ডাককারী অংশ গ্রহণ করেন। তন্মধ্যে জনাব মোঃ হারুন, ২৮৪, ইব্রাহিমপুর, ঢাকা কর্তৃক ৮,৮০০/- (আট হাজার আটশত) টাকার সর্বোচ্চ ডাক প্রদান করা হয়। উল্লেখ্য যে, আলোচ্য গাছগুলোর এমআরপি নির্ধারণ করা হয়েছে ৬,৭১২/- (ছয় হাজার সাতশত বার) টাকা। উক্ত সর্বোচ্চ ডাক অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ সর্বোচ্চ নিলাম ডাক ৮,৮০০/- (আট হাজার আটশত) টাকা অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

২৮ বিবিধ (৫) ঃ বনানী, মহাখালী এবং বারিধারা ডিওএইচএস এলাকার জলাবদ্ধতা দূরীকরণের জন্য ড্রেন নির্মাণ/পরিস্কারকরণ এবং ক্ষতিগ্রস্ত রাস্তাসমূহের উচচতা বৃদ্ধিসহ কার্পেটিং প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হলো। আলোচনান্তে বনানী, মহাখালী ও বারিধারা ডিওএইচএস এলাকাসমূহের জলাবদ্ধতা দূরীকরণের নিমিত্তে রাস্তার উচ্চতা বৃদ্ধিকরাসহ রাস্তাসমূহ পুনঃনির্মাণ/ মেরামত/ কার্পেটিং এবং পানি নিষ্কাশনের জন্য ড্রেনেজ পরিস্কার/পুনঃনির্মাণ/নির্মাণ কাজের জন্য ৮,২৮,৯৬,০০০/- (আট কোটি আটাশ লক্ষ ছিয়ানব্বই হাজার) টাকার অনুদান/অর্থ সহায়তা বরাদ্দ প্রদানের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হলো। এ ব্যাপারে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার পরবর্তী কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবেন।

২৮ বিবিধ (৬) ঃ মহাখালী ডিওএইচএস এলাকায় ২২ (বাইশ)টি দোকান বরাদ্দ প্রদানের নিমিত্তে ১৭ মে, ২০০৪ তারিখে পুনঃনিলাম ডাক অনুষ্ঠিত হয়। উক্ত নিলামে ডাককারীদের মধ্যে কেবলমাত্র মেজর মুহাম্মদ ইয়াছিন মোল্লা (অবঃ) কর্তৃক একটি দোকানের জন্য ১২.০১.০০০/- (বার লক্ষ এক হাজার) টাকার সর্বোচ্চ ডাক প্রদান করা হয়। প্রদত্ত ডাকের ভিত্তিতে তাঁর নিকট হতে গৃহীত টাকা ফেরত প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনা হলো। মহাখালী ডিওএইচএস এলাকায় শপিং কমপ্লেক্স এর একটি মাত্র দোকানের জন্য একক ডাক পড়ায় নিলাম ডাকটি বাতিল করা হলো এবং ডাককারী মেজর মুহাম্মদ ইয়াছিন মোল্লা (অবঃ) এর জমাকৃত অর্থ ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

২৮ বিবিধ (৭) ঃ মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে গ্যাস সরবরাহের লক্ষ্যে আভ্যন্তরীন বিতরণ পাইপ লাইন নির্মাণের জন্য আনুমানিক ৭১.৫৫.৬০৮/- (একাত্তর লক্ষ পঞ্চান্ন হাজার ছয়শত আট) টাকার বাজেট তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন লিঃ এর আসন্ন সংশোধিত বাজেটে সমন্বয়ের লক্ষ্যে উক্ত প্রস্তাব তিতাস গ্যাস টিএন্ডডি কোং লিঃ এর নিকট জরুরী ভিত্তিতে উপস্থাপন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের নিমিত্তে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের ২৭ সেপ্টেম্বর. ২০০৪ তারিখের ৩৯১৭/১০/এ/ডিওএইচএস/এমকিউ-২/২ নং পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনা হলো। মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পে গ্যাস সরবরাহের লক্ষ্যে আভ্যন্তরীন বিতরণ পাইপ লাইন নির্মাণের জন্য আনুমানিক ৭১,৫৫,৬০৮/- (একাত্তর লক্ষ পঞ্চান্ন হাজার ছয়শত আট) টাকা তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন লিঃ এর আসন্ন সংশোধিত বাজেটে অন্তর্ভুক্ত করার নিমিত্তে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট কর্তৃক পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

২৮/৯/০৪

**( মোঃ আব্দুল্লাহ আল মামুন )**
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

**(কর্ণেল সালাহ্উদ্দীন আহমেদ)**
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।